

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫২৮

জম্পুইজলা, ১০, জানুয়ারি, ২০২৪

২ দিনে জম্পুইজলায় ৪১.৭১৮ মেট্রিকটন ধান ক্রয়

গত ৮-৯ জানুয়ারি জম্পুইজলা মহকুমার সরকারি খাদ্য গুদাম প্রাঙ্গনে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করা হয়েছে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সহযোগিতায় নূন্যতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা হয়েছে। ২ দিনে ২৩ জন কৃষকের কাছ থেকে ৪১.৭১৮ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে। প্রতি কুইন্টাল ধান ২,১৮৩ টাকা দরে ক্রয় করা হয়েছে। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের জম্পুইজলার সেক্টর আধিকারিক প্রশিক্ষণ রিয়াং এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*